

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৬৭

১২/ কুরআন

পরিচ্ছেদঃ কুরআন পঠন-পাঠনের মাহাত্ম্য

আরবী

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ خَرَجَ رَسُولُ اللهِ عَلَيْ وَنَحْنُ فِي الصُّفَّةِ فَقَالَ أَيُّكُمْ يُحِبُّ أَنْ يَغْدُو كُلَّ يَوْمٍ إِلَى بُطْحَانَ أَوْ إِلَى الْعَقِيقِ فَيَأْتِيَ مِنْهُ بِنَاقَتَيْنِ كَوْمَاوَيْنِ فِي غَيْرِ إِثْمٍ وَلاَ قَطْعِ كُلَّ يَوْمٍ إِلَى بُطْحَانَ أَوْ إِلَى الْعَقِيقِ فَيَأْتِي مِنْهُ بِنَاقَتَيْنِ كَوْمَاوَيْنِ فِي غَيْرِ إِثْمٍ وَلاَ قَطْعِ رَحِمٍ فَقُلْنَا يَا رَسُولَ اللهِ نُحِبُّ ذَلِكَ قَالَ أَفَلاَ يَغْدُو أَحَدُكُمْ إِلَى الْمَسْجِدِ فَيَعْلَمَ أَوْ يَقْرَأُ لَوَ يَوْرَأُ لَهُ مِنْ كَتَابِ اللهِ عَزَّ وَجَلَّ خَيْرٌ لَهُ مِنْ نَاقَتَيْنِ وَثَلاَتُ خَيْرٌ لَهُ مِنْ ثَلاَتٍ وَأَرْبَعٌ خَيْرٌ لَهُ مِنْ أَرْبَعٍ وَمِنْ أَعْدَادِهِنَّ مِنَ الإِبلِ

বাংলা

(১৪৬৭) উক্লবাহ বিন আমের (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা আমরা সুফফাহ (মসজিদে নববীর এক বিষেশ জায়গা; যাতে দরিদ্র মুহাজিরগণ অবস্থান করতেন সেই স্থানে) ছিলাম। আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম গৃহ হতে বের হয়ে আমাদের নিকট এসে বললেন, "তোমাদের মধ্যে কে পছন্দ করে য়ে, প্রত্যহ বুত্বহান (মদীনার নিকটবর্তী একটি জায়গা) অথবা আক্লীক (মদীনার এক উপত্যকা) গিয়ে দুটি করে বড় বড় কুঁজবিশিষ্ট উটনী নিয়ে আসবে; যাতে কোন পাপ ও নাহক কারো অধিকার হরণও হবে না?" আমরা বললাম, 'হে আল্লাহর রসূল! এতো আমাদের প্রত্যেকেই পছন্দ করে।' তিনি বললেন, "তাহলে সে মসজিদে গিয়ে আল্লাহর কিতাব থেকে দুটি আয়াত শিক্ষা অথবা (বুঝে) মুখস্থ করে না কেন? এটাই দুটি উদ্রী অপেক্ষা শ্রেষ্ঠ! অনুরূপ ৩টি আয়াত ৩টি উদ্রী, ৪টি আয়াত ৪টি উদ্রী এবং এর চেয়ে অধিক সংখ্যক আয়াত ঐরূপ অধিক সংখ্যক উদ্রী অপেক্ষা শ্রেষ্ঠ!"

ফুটনোট

(মুসলিম ৮০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন